S@ifur's

# শত শত Wh-প্রশ্ন দিয়ে

# Spoken ইংলিশ

## Saifur Rahman Khan

" যেভাবে **শিখেছি** বাংলা,
সেভাবে শিখবো **ইংলিশ** "
- এই যুগান্তকারী পদ্ধতির উদ্ভাবক।



**Edition** ➲ **2026**
**Published By** ➲ **S@ifur's Publication**
**Copyright ©** ➲ **Saifur Rahman Khan**

[ এই বই অথবা বইয়ের কোন অংশ **pdf** করে বিক্রি করা বা **free** সরবরাহ করা আইনত: দণ্ডনীয় ]

**YouTube চ্যানেল:**
www.youtube.com/saifursofficial

ক্লাস করার জন্য *join:*
@ SaifursEducation

## Distributor

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদ ময়েজউদ্দিন রেড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)
প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।
মোবাইল: 01713 43 20 15; 01613 43 20 16

**English ও ক্যারিয়ার**
নিয়ে আরো বই:
সংক্রান্ত বইয়ের অর্ডার করতে ভিজিট করুন:
www.facebook.com/SaifursPublications

**কুরিয়ারে S@ifur's-এর যেকোন বই পেতে**
01713 43 20 15; 01613 43 20 16 **(10 am to 5 pm)**

**Price: Tk. 170 (Fixed)**



Recent Bazar

# TABLE OF CONTENTS


| | | | |
|---|---|---|---|
| Day-01 | স্পিকিং-এর প্রস্তুতিমূলক অনুশীলন | --- | 01 |
| Day-02 | *What is "Yes / No" questions ?* | --- | 05 |
| Day-03 | কিভাবে আপনি এই বইটি ব্যবহার করবেন ? | --- | 09 |
| Day-04 | **Am** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর | --- | 14 |
| Day-05 | **Is** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর | --- | 21 |
| Day-06 | **Are** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর | --- | 25 |
| Day-07 | **Was** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর | --- | 29 |
| Day-08 | **Were** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর | --- | 33 |
| Day-09 | **Has** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর | --- | 37 |
| Day-10 | **Have** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর | --- | 39 |
| Day-11 | **Had** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর | --- | 43 |
| Day-12 | **Do** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর | --- | 45 |
| Day-13 | **Does** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর | --- | 50 |
| Day-14 | **Did** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর | --- | 52 |
| **Modal দিয়ে Spoken** | | | |
| Day-15 | **Modal** দিয়ে *Yes / No* প্রশ্নোত্তর | --- | 55 |
| Day-16 | **Can** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর (Part-1) | --- | 60 |
| Day-17 | **Can** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর (Part-2) | --- | 64 |
| Day-18 | **Could** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর | --- | 70 |
| Day-19 | **May** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর | --- | 75 |
| Day-20 | **Will** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর | --- | 78 |
| Day-21 | **Would** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর (Part-1) | --- | 84 |
| Day-22 | **Would** দিয়ে যতো *Yes / No* প্রশ্ন ও উত্তর (Part-2) | --- | 88 |


Recent Bazar






| | | | |
|---|---|---|---|
| **WH (ডাব্লিউ য়েইচ) প্রশ্ন** | | | |
| Day-23 | WH-Question-এর ব্যবহার: প্রশ্ন ও উত্তর | --- | 92 |
| Day-24 | **Who** দিয়ে যতো *WH-Questions* | --- | 102 |
| Day-25 | **Whom & Whose** *WH-Questions* | --- | 106 |
| Day-26 | **Which & When** *WH-Questions* | --- | 108 |
| Day-27 | **Where** দিয়ে যতো *WH-Questions* | --- | 112 |
| Day-28 | **Why** দিয়ে যতো *WH-Questions* | --- | 116 |
| Day-29 | **What** দিয়ে যতো *WH-প্রশ্ন (Part-1)* | --- | 120 |
| Day-30 | **What** দিয়ে যতো *WH-প্রশ্ন (Part-2)* | --- | 122 |
| Day-31 | **How** দিয়ে যতো *WH-প্রশ্ন (Part-1)* | --- | 126 |
| Day-32 | **How** দিয়ে যতো *WH-প্রশ্ন (Part-2)* | --- | 130 |
| | **বিভিন্ন পরীক্ষায় আসা WH কোয়েশ্চেন্** | --- | 133 |
| **Tag প্রশ্ন দিয়ে বাক্য** | | | |
| Day-33 | উদাহরণের মাধ্যমে Tag-এর ব্যবহার | --- | 135 |
| Day-34 | **am, is & are** দিয়ে *Tag-Questions* | --- | 138 |
| Day-35 | **was & were** দিয়ে *Tag-Questions* | --- | 141 |
| Day-36 | **have, has & had** দিয়ে *Tag-Questions* | --- | 144 |
| Day-37 | **do, does & did** দিয়ে *Tag-Questions* | --- | 147 |
| Day-38 | **can & could** দিয়ে *Tag-Questions* | --- | 151 |
| Day-39 | **will & would** দিয়ে *Tag-Questions* | --- | 153 |
| | **বিভিন্ন পরীক্ষায় আসা কিছু Tag কোয়েশ্চেন্** | --- | 155 |
| Day-40 | **Review** | --- | 156 |

| | | |
|---|---|---|
| **Miscellaneous** (মিসিলিনি-য়াস = বিবিধ) | | |
| বাক্যের মাধ্যমে **Simile** (সিমিলি)-এর ব্যবহার | --- | 172 |
| আরো কিছু **structure** ও বাক্যের মাধ্যমে বাস্তব উদাহরণ | | |
| *We did too* (আমরাও লিখেছিলাম) | --- | 176 |
| *So have we* (আমরাও !) | --- | 177 |
| *I didn't either* (আমিও না !) | --- | 178 |
| *Neither did he* (সেও করে নি !) | --- | 179 |
| বিভিন্ন *Job exam* ও ভার্সিটি ভর্তি পরীক্ষায় আসা কিছু প্রশ্ন ও উত্তর | --- | 180 |
| *I don't know ...* (আমি জানি না ...!) | --- | 182 |
| *I really wonder ...* (আমিও আসলে জানতে চাই ...) | --- | 183 |
| *Haven't you heard ...?* (তুমি কী শুনোনি ... ?) | --- | 185 |
| *I can't tell you ...* (আমি তোমাকে বলতে পারবো না ...) | --- | 188 |
| *Please tell me ...* (দয়া করে বলো আমাকে ...) | --- | 190 |
| কিছু **verb**-এর বিভিন্ন রূপ: অর্থ ও উচ্চারণসহ ব্যবহার | --- | 192 |




# " তুমি স্পোকেন পারো না "

- এর জন্য তোমার



**লজ্জা পাওয়ার**

**কিছু নেই !**

কারণ, **spoken** জিনিসটা তো

**SSC, HSC, BBA, MBA**


এমনকি

ইংলিশে অনার্স-মাস্টার্স ও **ELT**

**কোনো সিলেবাসেই নেই !**

## DAY 01 — INTRODUCTION ( ভূমিকা )

### Speaking Warm-up
(স্পিকিং-এর জন্য নিজেকে তা দেয়া !)



***Ameen and Hasan are speaking***
(Ameen এবং Hasan কথা বলছে):

**Ameen**: **What** are you doing ?
আমিন : তুমি কি করছো ?

**Hasan** : I am reading a book.
হাসান : আমি একটা বই পড়ছি।

**Ameen**: **Do** you know the name of the book ?
আমিন : তুমি কি জানো বইটার নাম ?

**Hasan** : Yes, I know the name of the book.
হাসান : হ্যাঁ, আমি বইটার নাম জানি।

> **মনে মনে** পড়া হলো **রিডিং,** জোরে পড়া হলো **স্পীকিং !**



Recent Bazar



**Ameen**: **What** is it ?
আমিন : কী এটা ?

**Hasan** : কোচিং ছাড়াই spoken ইংলিশ

**Ameen**: **How** is it ?
আমিন : কেমন এটা (= বইটা কেমন) ?

**Hasan** : I have just started reading it.
হাসান : আমি এটা এইমাত্র পড়া শুরু করেছি।

**Ameen**: **From where** did you buy it ?
আমিন : কোথা থেকে তুমি এটা কিনেছো ?

**Hasan** : I bought it from the Nilkhet book market.
হাসান : আমি এটা কিনেছি নীলক্ষেত বইয়ের মার্কেট থেকে।

**Ameen**: **Could** I see the book ?
আমিন : আমি কি বইটা দেখতে পারি ?

**Hasan** : Of course, ... Why not ! Do see it !
হাসান : অবশ্যই, ... কেন না ! দেখ এটা !

> **Could**-এর বদলে ***can***-ও বলা যায়। **Could** দিয়ে **বেশি বিনয় প্রকাশ** পায়।

> **জোরে** জোরে **উচ্চারণ** করে **পড়ো English** বাক্যগুলো **!**

**Ameen is questioning Hasan, and Hasan is replying.**
(আমীন হাসানকে প্রশ্ন করছে আর হাসান জবাব দিচ্ছে।)

**আগের দুই পৃষ্ঠায় আমরা পড়লাম একটা**
**ছোট conversation** (কন্‌ভার্‌সেই্‌শন্‌) বা **কথোপকথন** ।

---

**প্রথমে আসা যাক, আপনি বুঝতে পারেন কিনা ?**

অনেকেই এমন সহজ conversation বুঝতে পারেন, কিন্তু এই প্রাথমিক level-এর English সাবলীলভাবে (= fluently) বলতে কিন্তু তাদের হিমসিম খেতে হয়, সমস্যায় পড়তে হয়।

যদি এগুলো আপনার কাছে

**বুঝতে**, **পড়তে** এবং **বলতে easy** মনে হয়,

তাহলে একটা ব্যাপার মনে রাখুন -

**‘জানা’** এক জিনিস, আর **‘পারা’** আরেক জিনিস

নিজের **speaking**-এর অবস্থা practical situation-এ পরীক্ষা করুন!

**আপনার চেয়ে ভাল ইংরেজি জানেন**

এমন কারো সাথে আপনি কথা বলে নিজেকে যাচাই করুন!

নিজে নিজেতো ভাল খেলা যায়-ই,

**খেলার মাঠে নামলেই বুঝা যায় দৌঁড় কতটুকু।**



Recent Bazar



**মাথায় ঢুকিয়ে নিন যে,**

***Speaking*-এ *fluency*** আনার যাদু হলো :



# Speak, Speak and Speak.

কিন্তু আপনাকে সঠিকভাবে অর্থাৎ, *correctly speak* করতে হবে।

এক কথায়, *correctly speaking practice*-এ নামতে হবে

**কোমর বেঁধে ! এক্ষুনিই !**

**কোনো কিছু বুঝতে সমস্যা হলে**

**SMS** to 01404 43 21 **28**

Rajob sir (Senior writer)

এই বই সম্পর্কে ***clear*** ধারণা হবে ***Day 2*** পড়লে।

**DAY 02**

# Yes / No Questions

**Yes** / **No** *questions* হলো এমন *questions* যেগুলোর জবাব ***Yes*** অথবা ***No*** হয়ে থাকে, অর্থাৎ, কোনো তথ্য সঠিক কিনা, কোনো বিষয় সত্য নাকি মিথ্যা - তা জানতে এরকম *question* দ্বারা জিজ্ঞাসা করা হয়।

***Some examples*** (কিছু উদাহ্রণ):

| **Question** (প্রশ্ন) | **Answer** (উত্তর) |
|---|---|
| Do you live in Dhaka ?<br>তুমি কি ঢাকায় থাকো ? | Yes, I live in Dhaka. (হ্যাঁ, আমি ঢাকায় থাকি।)<br>**Or,** No, I don't live in Dhaka.<br>(= না, আমি ঢাকায় থাকি না।)<br>I live in Rajshahi.<br>(= আমি রাজশাহীতে থাকি।) |
| Was he late for work yesterday ?<br>সে কি গতকাল কাজে দেরীতে এসেছিলো ? | Yes, he was late for work yesterday.<br>হ্যাঁ, সে গতকাল কাজে দেরীতে গিয়েছিলো।<br>**Or,** No, he was not late for work yesterday.<br>**অথবা** না, সে গতকাল কাজে দেরীতে যায় নাই। |
| Will he come to the meeting tomorrow?<br>সে কি আগামীকাল মিটিং-এ আসবে? | Yes, he will come to the meeting tomorrow. (হ্যাঁ, সে আগামীকাল মিটিং-এ আসবে।)<br>**Or,** No, he will not come to the meeting tomorrow.<br>**অথবা,** না, সে আগামীকাল মিটিং-এ আসবে না। |

**বুঝা যাচ্ছে যে, Yes / No প্রশ্ন করা হয়:**

- BE (am, is, are, was, were) দিয়ে বা HAVE (have, has) বা DO (do, does, did) দিয়ে,

*অথবা*

- Modal Verbs (can, could, will, would, may) দিয়ে।
**যেমন:** উপরের বক্সের sentence-গুলিতে underlined word-গুলো।



## Contraction (কন্‌-ট্রাক্‌-শন্‌) কী

**উদাহরণের মাধ্যমে বোঝা যাক:**

Habib is = Habib's, I am = I'm (আয়াম্‌),
We are = We're, He is = He's (হিজ্‌) প্রভৃতি।

তার মানে, Noun অথবা pronoun-এর সাথে auxiliary verb বা modal থাকলে, তা সংক্ষিপ্ত আকারে যুক্ত করে পড়া বা লেখা হলে সেটাকে **Contraction** বলে।

**একটি বিষয় !**

Habib is playing-কে লেখা যায়
= Habib**'s** playing (হাবিব্‌স্‌ প্লেয়িং = হাবিব খেলছে)।

কিন্তু সব জায়গায় এই রকম Habib's, Kamal's বা Salma's দেখলেই বলা যাবে না, তা Contraction, কারণ, তা possessive-ও হতে পারে।

যেমন: This is Habib's (= হাবিবের) bag।

Kamal's room is spacious (স্পেইশাস্‌ - প্রশস্ত)।

এসব ক্ষেত্রে underlined word-গুলি possession (মালিকানা) বুঝায়। এগুলো **Contraction** নয়।

**Tips:** ***Yes / No*** প্রশ্নের ***Yes answer*** যদি সংক্ষিপ্ত হয়, তাহলে ***subject***-এর পর ***auxiliary verb***-এর ***contraction*** হয় না, যেমন:

| | |
|---|---|
| Are they working on that report ?<br>তারা কি ঐ রিপোর্ট-এর উপর কাজ করছে ? | উত্তর: Yes, **they are.**<br>হ্যাঁ, তারা করছে। |
| Have you ever visited Paris ?<br>তুমি কি কখনো প্যারিস গিয়েছো ? | উত্তর: Yes, **I have**.<br>হ্যাঁ, আমি গিয়েছি। |
| Will you help me ?<br>তুমি কি আমাকে সাহায্য করবে ? | উত্তর: Yes, **I will**.<br>হ্যাঁ, আমি করবো। |

( উপরের ***Bold*** অংশগুলি লক্ষ্য করুন: উত্তরগুলি সংক্ষিপ্ত বা *short,* কিন্তু *Contraction* ব্যবহৃত হয়নি, অর্থাৎ, *they're, I've* বা *I'll* বলা হয়নি। )



Recent Bazar

## Tips

*(**Bold** অংশগুলি লক্ষ্য করুন: **Contraction** ব্যবহৃত হয়েছে)*

Do they live in Barisal ? — উত্তর: No, they **don't**.
তারা কি বরিশাল থাকে ? — না, তারা থাকে না।

Is she reading the newspaper ? — উত্তর: No, she **isn't**.
সে কি খবরের কাগজ পড়ছে ? — না, সে পড়ছে না।

Will he see the doctor today ? — উত্তর: No, he **won't**.
সে কি আজ ডাক্তারের কাছে যাবে ? — না, সে যাবে না।

তার মানে, **Yes / No প্রশ্নের No answer-এ প্রায়ই contraction** ব্যবহার হয়।

## Note

আগেই বলা হয়েছে যে, ***speaking practice***-এর জন্য
এই বইয়ের ***drill***-গুলোতে লম্বা উত্তর দেয়া হয়েছে,
কারণ, সংক্ষিপ্ত উত্তরে ***speaking*** ভালো করে **practice** হয় না।

### *Have / Has, Can / Could, May দিয়ে Yes-No*

**প্রশ্ন** : Have you become tired ? — তুমি কি ক্লান্ত হয়ে গেছো ?
**উত্তর**: No, I haven't become tired. — না, আমি ক্লান্ত হয়ে যাইনি।

---

**প্রশ্ন** : Has she cooked rice today ? — সে কি আজ ভাত রান্না করেছে ?
**উত্তর**: Yes, she has cooked rice today. — হ্যাঁ, সে আজ ভাত রান্না করেছে।

---

**প্রশ্ন** : Could* I go now ? — আমি কি এখন যেতে পারি ?
≈ Can I go now ?

* *Can* বা *Could*-এর পার্থক্য হলো *Could* শব্দটা *Can*-এর চেয়ে একটু বেশি বিনয়ী।

**উত্তর**: Yes, you can go now. — হ্যাঁ, তুমি এখন যেতে পারো।

---

**প্রশ্ন** : May I open the door ? — আমি কি দরজাটা খুলতে পারি ?
**উত্তর**: Yes, you may open the door. — হ্যাঁ, তুমি দরজাটা খুলতে পারো।



## Yes / No প্রশ্ন কী,

সেটা জানা হলো, বোঝা হলো,

**অর্থাৎ, Yes/No** Questions-এর **ধারণা হলো মাত্র,**

**রপ্ত কিন্তু হয়নি এখনো ..... !**

রপ্ত করার জন্য

**খুব বেশি করে Practice করতে হবে।**

**আবার *Remind*** (রিমাইন্ড = মনে করানো) **করে দেয়া হচ্ছে :**

বুঝবেন **একবার**, আর

**sentence**-গুলো বলবেন **শত বার**।

তবেই **রপ্ত** হবে

**speaking** আপনার।



Recent Bazar